দৈনিক সংবাদ

তারিখ ... 04 MAR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

10

# বিসিএস পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস?

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামীকাল মঙ্গলবার থেকে অনুষ্ঠেয় চলতি বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো থেকে খবর পাওয়া গেছে, সেখানে চড়া দামে প্রশ্নপত্র বিক্রি হচ্ছে। অনুসন্ধান করে কোন প্রশ্ন হাতে পাওয়া না গেলেও কয়েকজন পরীক্ষার্থী এই প্রতিবেদককে জানান, তারা টাকার বিনিময়ে প্রশ্নপত্র পাবার প্রস্তাব পেয়েছেন, কিন্তু টাকার পরিমাণ বেশী হওয়ায় তা কিনতে পারেননি। তারা জানান, প্রতি বিষয়ের প্রশ্নপত্র কমপক্ষে ২ হাজার টাকা করে বিক্রি হচ্ছে এবং ইতিমধ্যেই অনেকে তা কিনেছে। প্রতিবেদক ছাত্রদের কাছ

( শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ )

## প্রশ্নপত্র ফাঁস

( ১ম পাতার পর )

থেকে শুধু ৩টি ইংরাজী রচনার বিষয় জানতে পারেন।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের একদল পরীক্ষার্থী গত শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে এক সমাবেশে প্রশ্নপত্র ফাঁসের নিন্দা করে ঘটনার সাথে জড়িতদের শাস্তি এবং পরীক্ষা স্থগিত করে নতুন প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা নেয়ার দাবী জানিয়েছেন।

গতকাল রোববার পাবলিক সার্ভিস কমিশনের একজন কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, ছাত্ররা তাদের কাছেও গিয়েছিল কিন্তু সুনির্দিষ্ট তথ্য–প্রমাণ তারা দেখাতে পারেনি। সুতরাং এক্ষেত্রে কমিশনের কিছু করার নেই। তিনি বলেন, প্রশ্ন ফাঁস হয়েছে প্রমাণিত হলে তারা সহজেই তা বদলে দিতে পারবেন কেননা এবার প্রত্যেক বিষয়ের একাধিক সেট প্রশ্নপত্র তৈরী করা হয়েছে। ফাঁস হওয়া ৩টি ইংরেজী রচনা সম্পর্কে জানতে চাইলে তিনি কমিশনের সংশ্লিষ্ট সচিবের উদ্ধৃতি দিয়ে বলেন, ওই ছাত্রদের জানিয়ে দেয়া হয়েছে, এসব রচনা প্রশ্নপত্রে নেই।